



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ০৯-০৯-২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় 'জেএফএ অ-১৪ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২১' এর চূড়ান্ত পর্বের খেলা গত ০১ সেপ্টেম্বর ২০২১ তারিখ হতে শহীদ মুজিবোদ্বা স্মৃতি স্টেডিয়াম, রাজশাহীতে শুরু হয়েছে। উক্ত চ্যাম্পিয়নশীপের ফাইনাল খেলা রাজশাহী বনাম মাগুরা জেলা অ-১৪ মহিলা ফুটবল দলের মধ্যে অনুষ্ঠিত হয় এবং ফাইনাল খেলা শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় মাগুরা জেলা অ-১৪ মহিলা ফুটবল দল ২-০ গোলে রাজশাহী জেলা অ-১৪ মহিলা ফুটবল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

উক্ত ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবু কালাম সিদ্দিক, পুলিশ কমিশনার, রাজশাহী ও সভাপতি, বিভাগীয় ক্রীড়া সংস্থা, রাজশাহী। এছাড়াও উপস্থিত ছিলেন জনাব মাহফুজুল আলম লোটন, সভাপতি, রাজশাহী বিভাগীয় ফুটবল এসোসিয়েশন, জনাব মোঃ ওয়াহেদুন নবী, সভাপতি, রাজশাহী জেলা ফুটবল এসোসিয়েশন, স্পন্সর প্রতিষ্ঠান ওয়ালটন গ্রুপের পক্ষে উপস্থিত ছিলেন সিনিয়র এক্সিকিউটিভ ডাইরেক্টর জনাব এফ এম ইকবাল বিন আনোয়ার ডন ও বাফুফে ম্যানেজার-প্রটোকল জনাব ইমরান হোসেন তুষার।

খালিদ মাহমুদ নওমী
মিডিয়া এক্সিকিউটিভ
বাংলাদেশ ফুটবল ফেডারেশন